

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
সংস্থাপন শাখা  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
www.dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০৩১.১৯.০০৫.২৪.২৩৬৪

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
০৩ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

খাদ্য মন্ত্রণালয়ের ০৬/১২/২০২১ তারিখের ১৩.০০.০০০০.০২২.২৮.০০২.১৬-৬৩৩ নম্বর স্মারকমূলে খাদ্য অধিদপ্তরের অধীন সান্তাহার সাইলো পরিচালনার জন্য নিম্নবর্ণিত ০৭(সাত) টি পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে আদেশ জারির তারিখ হতে অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনের মঞ্জুরি জ্ঞাপন করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের ০৩ মে ২০০৩ তারিখের মপবি/ক:বি:শা:/কপগ-১১/২০০১-১১১ নম্বর সরকারি আদেশ অনুসরণ করত: খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন খাদ্য অধিদপ্তরের অধীন সান্তাহার সাইলো পরিচালনার জন্য সৃজনকৃত ০৭ (সাত) টি পদ সৃজিত মেয়াদের পরবর্তী সময় অর্থাৎ ০১ জুন ২০২২ হতে ৩১ মে ২০২৫ পর্যন্ত ০৩ (তিন) বছর সংরক্ষণের জন্য খাদ্য মন্ত্রণালয়ের ১৩/০৭/২০২২ তারিখের ১৩.০০.০০০০.০২২.২৮.০০২.১৬.২৭২ নম্বর স্মারকে মঞ্জুরি জ্ঞাপন করা হয়েছে।

এমতাবস্থায়, সান্তাহার সাইলো পরিচালনার জন্য বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনকৃত পদসমূহ স্থায়ীকরণের কার্যক্রম গ্রহণের নিমিত্ত ০২ (দুই) জন কর্মচারীকে নিম্নোক্তভাবে বদলি/পদায়ন করা হলো;

ক্র: নং	নাম ও পদবি	কর্মস্থল	বদলি/পদায়নকৃত দপ্তর
(১)	(২)	(৩)	(৪)
১	জনাব মুহাম্মদ মোখলেছুর রহমান সিকদার পদবি: মেকানিক্যাল ফোরম্যান	নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ	সান্তাহার সাইলো, বগুড়া
২	জনাব আব্দুল্লাহ পদবি: অপারেটর	নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ	

খাদ্য মন্ত্রণালয়ের ১৪/১২/২০২২ তারিখের ১৩.০০.০০০০.০২২.১৯.০০১.১৯.৫০৯ নং প্রজ্ঞাপনে জারিকৃত খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের বদলি/পদায়ন নীতিমালা, ২০১৯ (সংশোধিত-২০২২) অনুযায়ী তাদেরকে ০৮/১২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে বদলিকৃত কর্মস্থলে যোগদান করার জন্য বলা হলো। অন্যথায় তারা আগামী ০৯/১২/২০২৪ খ্রি. তারিখ হতে তাত্ক্ষণিক কর্মবিমুক্ত বলে গণ্য হবেন।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

  
০৩-১২-২০২৪  
মোঃ মনিরুল ইসলাম  
উপপরিচালক  
+৮৮-০২-৪১০৫০৭২৩  
dd.est@dgfood.gov.bd

নম্বর:

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
০৩ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, প্রশাসন/চসসা/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ২। উপসচিব, সংস্থা প্রশাসন-১ শাখা, খাদ্য মন্ত্রণালয়।
- ৩। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
- ৪। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের কার্যালয়, সান্তাহার, বগুড়া।
- ৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
- ৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
- ৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ।
- ৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, আদমদিঘী, বগুড়া।
- ১০। সহকারী উপপরিচালক, তদন্ত ও মামলা শাখা, খাদ্য অধিদপ্তর।
- ১১। জনাব মুহাম্মদ মোখলেছুর রহমান সিকদার, মেকানিক্যাল ফোরম্যান, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ।
- ১২। জনাব আব্দুল্লাহ, অপারেটর, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ।
- ১৩। অফিস/মাস্টার কপি।



*Handwritten signature in blue ink.*

০৩-১২-২০২৪  
মোঃ মনিরুল ইসলাম  
উপপরিচালক